বার্ষিকী ২০২৪

# উদয়




Halishahar Cantonment Public School & College

# প্রচ্ছদ কথন




শ্যামল সুশোভিত বুকে রক্তিম লালবৃত্ত; এ আমাদের জন্মভূমির স্বাধীন, সার্বভৌমত্বের বিজয় নিশান। এই স্বাধীনতার বিনিময়ে হারাবার ইতিহাস ও আমাদের অজানা নয়। বঞ্চনা, শোষণ ও অত্যাচারের বিরুদ্ধে আমরা বারংবার মানবিকতা ও মূল্যবোধের পরিচয় দিয়ে মানুষ হয়েছি। শিক্ষার সোপানে দাঁড়িয়ে মানুষ হওয়ার মূল্য পরিশোধ করেছি আপনদের রক্তের বিনিময়ে, জীবনের বিনিময়ে। দেশ মাতৃকার বিপন্নতায় ভাইয়ের পাশে দাঁড়িয়েছি অকুণ্ঠ চিত্তে। ফলস্বরূপ, ১৯৫২, '৬৬, '৬৯, '৭১ এর আন্দোলনে আপামর জনতার বিজয়। ২০২৪ এর অভ্যুত্থান আবার জানান দিল চেতনা ও মানবতাই শিক্ষার শেকড়। শিক্ষার যে বীজ আমরা বপন করে যাই শিশুমনে; সেই বীজ অবলীলায় মনুষ্যত্বের মহীরুহ হয়ে সমাজ তথা বিশ্ব ব্রহ্মাণ্ডকে ফুলে ফলে সমৃদ্ধ করে। মুগ্ধ নয়নে আমরা এই দৃশ্য অবলোকন করি 'উদয়' এর প্রচ্ছদ চিত্রে।

**অঙ্কন : নাফিসা আফরিন প্রীতি**
শ্রেণি : চতুর্থ (গ), রোল : ০২

**শিক্ষা | নৈতিকতা | দেশপ্রেম | গৌরব**




# বিন্দু হতে সিন্ধু ধারায়...

## (প্রতিষ্ঠান দর্পণ)

*তারা একটি দুটি তিনটি করে এলো*
*তখন-বৃষ্টি ভেজা শীতের হাওয়া বইছে এলোমেলো...*

বন্দর নগরী চট্টগ্রাম, বঙ্গোপসাগরের কোলঘেঁষে বাংলাদেশের দক্ষিণাঞ্চলীয় ছোট শহরের নাম হালিশহর। প্রকৃতি যেমন বিন্দু বিন্দু জলে সাজিয়েছে সৌন্দর্যের সীমাহীন সিন্ধু, তেমন মনের ইচ্ছেগুলো ছোট ছোট স্বপ্নে গেঁথে ২০১৩ সালে আলো হাতে শিক্ষার দ্বার উন্মোচন করে সুশিক্ষার বাতিঘর হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ। সে বছরের ২০ জানুয়ারি এক ঝাঁক তরুণ, দক্ষ ও প্রশিক্ষিত শিক্ষকমণ্ডলী হয়েছেন স্বপ্নের ফেরিওয়ালা। তাঁরা আজও ফেরি করে চলেছেন তাঁদের স্বপ্ন। সে স্বপ্নগুলোকে বাস্তবতায় রূপ দিয়ে চলেছে আগামীর নবীন প্রজন্ম। PECE, JSC, SSC ও HSC পর্যায়ে ক্রমান্বয়ে রেখেছে যোগ্যতার স্বাক্ষর। তাদের গৌরবে গৌরবান্বিত হয়েছে HCPSC। সেরা প্রতিষ্ঠানের মর্যাদায় অলংকৃত হয়েছে বহুবার। চারিত্রিক ও মানবিক গুণাবলী বিকাশের জন্য পড়ালেখার পাশাপাশি চলমান আছে সহপাঠ কার্যক্রম হিসেবে ১৬ টি ক্লাব কার্যক্রম ও আন্তর্জাতিক সংগঠন-BNCC, Scouts, Girl Guides ও Red Crescent শাখার কার্যক্রম।



*তারা একটি দুটি তিনটি করে এসে*
*একশো দুশো তিনশো করে*
*ঝাঁক বেঁধে যায় শেষে...*

এভাবেই স্বনামধন্য এই প্রতিষ্ঠানটি 'এসো শিখি ও দেশ গড়ি' মূলমন্ত্রে বিন্দু হতে উৎসারিত হয়ে গিয়েছে কালের সিন্ধু ধারায়। উৎকর্ষের অভিযাত্রায় উদ্ভাসিত হোক- হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ।



# Theme Song

এইচসিপিএসসি,
আমাদের এইচসিপিএসসি ॥
পাঠে, সহ-পাঠে, খেলাধুলা সাথে
পাঠে, সহ-পাঠে মেধা ও মননে
শীর্ষে রবো, তাই আজ পণ করেছি ॥
এইচসিপিএসসি,
আমাদের এইচসিপিএসসি ॥

শিক্ষা, গৌরব, নৈতিকতা আর
দেশপ্রেম বুকে ধরে এগিয়ে যাবার
শপথে বলীয়ান কত শত প্রাণ-
প্রীতিময় আঙ্গিনায় সমবেত হয়েছি।
এইচসিপিএসসি,
আমাদের এইচসিপিএসসি ॥

রাঙাবো নিজেকে, রাঙাবো স্বদেশ
ছড়াবো প্রেম আর ভালোবাসা বেশ-
অসহায়, ক্ষুধিতের অধরে আবার
নির্মল হাসি ফুটোতে এসেছি ॥
এইচসিপিএসসি,
আমাদের এইচসিপিএসসি ॥

লেখাপড়া শুধু নয়, মানবতা, প্রেম,
উদারতায় মুড়ে হীন, ধনী, রাঙা, শ্যাম ॥
'এসো শিখি, দেশ গড়ি'- গাহি বারে বার-
উদ্দীপনা নিয়ে মোরা হবো দুর্বার
বিজয়ের ঝান্ডা উঁচিয়ে ধরে
প্রাপ্তির মোহনায় হারাতে এসেছি ॥
এইচসিপিএসসি,
আমাদের এইচসিপিএসসি ॥

# সময়ের পরিক্রমায়

বার্ষিকী

উদয়

'সময়ের পরিক্রমায় উদয়' শিরোনামটি শিক্ষার্থীদের নতুন দিগন্তের সূচনা নির্দেশ করে। প্রত্যেক সংখ্যা যেন একটি সময়ের চিত্র তুলে ধরে, যেখানে গত বছরের অর্জন এবং আগামী দিনের সম্ভাবনা সমাহিত হয়। উদয়ের প্রতিটি প্রকাশনায় শিক্ষার্থীদের মধ্যে নুতন উদ্যম ও উদ্ভাবনী শক্তির প্রতিফলন ঘটে। এটি শিক্ষকদের এবং অভিভাবকদের জন্যও একটি উৎসাহের বিষয়, যারা তাদের শিক্ষার্থীদের সৃজনশীলতা প্রকাশের ক্ষেত্রে সমর্থন করে। 'উদয়' প্রকাশনী একদিকে যেমন শিক্ষার্থীদের মেধা বিকাশে সহায়ক, তেমনি অন্যদিকে তাদের আত্মবিশ্বাস ও যোগাযোগ দক্ষতা বৃদ্ধি করে। অতীতে যে উদ্যম নিয়ে 'উদয়' যাত্রা শুরু করেছিল, তা এখন একটি প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান হিসেবে নিজেদের অবস্থান তৈরি করেছে। সময়ের পরিক্রমায় 'উদয়' আজ শিক্ষার্থীদের জন্য একটি সেলিব্রেশন, যেখানে প্রতিটি প্রকাশনা নতুন স্বপ্নের আলোয় উদ্ভাসিত হয়। এটি নির্দেশ করে যে, সময়ের সঙ্গে সঙ্গে প্রতিভার উদয় কখনো থেমে থাকে না, বরং ক্রমাগত বিকশিত হয়।

